

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ১৭৬

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ঈমানের কোন অংশ বাস্তবায়ন করে, তার ক্ষেত্রে ঈমান নাম ব্যবহার করার বিষয়ে আলোচনা

ذَكَرُ إِطْلَاقِ اسْمِ الْإِيمَانِ عَلَى مَنْ أَتَى بِبَعْضِ أَجْزَائِهِ

আরবী

أَخْبَرَنَا عِمْرَانُ بْنُ مُوسَى بْنِ مُجَاشِعٍ حَدَّثَنَا عُثْمَانُ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ عَلِيٍّ عَنْ هِشَامِ الدَّسْتَوَائِيِّ عَنْ يَحْيَى بْنِ أَبِي كَثِيرٍ عَنْ زَيْدِ بْنِ سَلَامٍ عَنْ جَدِّهِ عَنْ أَبِي أُمَامَةَ قَالَ قَالَ رَسُولُ اللَّهِ مَا الْإِيمَانُ قَالَ: "إِذَا سَرَّتْكَ حَسَنَاتُكَ وَسَاءَتْكَ سَيِّئَاتُكَ فَأَنْتَ مُؤْمِنٌ" قَالَ: يَا رَسُولَ اللَّهِ فَمَا الْإِيمَانُ؟ قَالَ: "إِذَا حَاكَ فِي قَلْبِكَ شَيْءٌ فَدَعَهُ".

الراوي : أبو أمامة | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 176 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১৭৬. আবু উমামা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, এক ব্যক্তি বললেন: 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ঈমান কী?' তিনি জবাবে বললেন: 'যখন তোমার সৎ আমল তোমাকে আনন্দ দিবে, পাপ কাজ তোমার খারাপ লাগবে, তবে তুমি মু'মিন।' তিনি আবার বললেন: 'হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, পাপ কী?' রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন: 'যখন তোমার অন্তরে কোন কিছু খটকা লাগবে, তখন সেটি তুমি বর্জন করবে।' [1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/২৫২; হাকিম: ১/১৪১; মুসান্নাফ আব্দুর রাযযাক: ২০১০৪; তাবারানী: ৭৫৩৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন

আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৫৫০।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু উমামাহ্ বাহিলী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88385>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন